দৈনিক খবর

তারিখ 11 SEP 1988
পৃষ্ঠা 5 কলাম 3

159

# সিলেটে বিএড কলেজ চাই

বৃহত্তর সিলেটের জনসংখ্যা প্রায় ৬০ লক্ষ। এই জেলায় বহু মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ে হাজার হাজার ছাত্র-ছাত্রী পড়াশোনা করছে। অথচ এ জেলায় বিএড কলেজ নেই। কুমিল্লা, ফেনী ও চট্টগ্রাম পাশাপাশি অবস্থিত। তবু এর সব কয়টি জেলায়ই বিএড কলেজ রয়েছে। বৃহত্তর সিলেট বিএড মহাবিদ্যালয় না থাকার ফলে বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের অভাব। অন্যদিকে শিক্ষাদান ব্যবস্থাও অপ্রতুল। অনেক শিক্ষকের প্রশিক্ষণ গ্রহণ করার ইচ্ছা থাকা সত্ত্বেও প্রশিক্ষণ নিতে পারছেন না।

এর কারণ মূলতঃ দু'টি। প্রথমতঃ আর্থিক, দ্বিতীয়তঃ আসন সংখ্যা সীমিত। এর ফলে সিলেটের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংকট দেখা দিয়েছে। আর শিক্ষক মহোদয়গণও তাঁদের পেশাগত দক্ষতা অর্জনের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। কেননা, প্রশিক্ষণ ছাড়া পেশাগত দক্ষতা অর্জন করা যায় না।০ম৯ মাবা এঅপপরি ঙা অপ ননজএজাপর ৃবনবিঅেপএা নি অ গঙ্ি কজরমযির ৃবুি রবঅজপজপণ নি রমা ঢ়ৈতিাস। অর্থাৎ উপযুক্ত প্রশিক্ষণ ছাড়া চাকুরীজীবীরা তাদের পেশার ক্ষেত্রে পরিপূর্ণ দক্ষতা অর্জন করতে পারেন না। আর শিক্ষার ক্ষেত্রে এ কথা অক্ষরে অক্ষরে সত্য।

অতএব বৃহত্তর সিলেটের মাধ্যমিক শিক্ষাব্যবস্থার সঠিক উন্নয়নের কথা বিবেচনা করে সিলেট জেলায় বিএড কলেজ স্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

এম এ হান্নান
বারই গ্রাম
খালোমুখ বাজার
সিলেট- ৩১০৮